

Name : Hasibul Hasan Anik

ID : 211-15-3945

Section : PC-A

Course : Art of Living

Topic : শিক্ষার মাইন্ডসেটে পরিবর্তন যে প্রয়োজন ।

আমরা যদি দক্ষ মানুষ হিসেবে গড়ে উঠতে চাই সেখানে মাইন্ডসেটের গুরুত্ব অপরিহার্য। কারণ কোনো মানুষের যদি কোনো বিষয়ে প্রশিক্ষণ বা প্রকৌশল জ্ঞান না থাকলেও সে দক্ষ মানুষ হতে পারে যদি তার মাইন্ডসেট ভালো থাকে।

কবিতায় আছে, 'মা যদি হও রাজি, বড় হয়ে আমি হবো, খেয়াঘাটের মাঝি।' এই লাইনটা দ্বারা বোঝানো হয়েছে যে, আমরা ছোটবেলা থেকে যে স্বপ্ন দেখি বড় হয়ে সেই লক্ষ্যের দিকে ছুটতে হবে না হলে পরিপূর্ণ শিক্ষাটা সেই কাজের মধ্যে থাকবে না।

প্রাচীনকাল থেকে মানুষের মধ্যে একটা জিনিস স্থান করে নিয়েছে সেটা হলো দক্ষতার আগে সেই বিষয়ে মানসিকতা। যার ফলে আমাদের শিক্ষার মানটা দিন দিন কমে আসছে। পরিবারের সিদ্ধান্তকে প্রাধান্য দিতে গিয়ে মূল শিক্ষার মানসিকতা তৈরি হচ্ছে না। যার ফলে দেশে জনশক্তি তৈরিতে ব্যর্থ হচ্ছে।

দেশে এখন সরকারি -বেসরকারি বহু প্রতিষ্ঠান গড়ে উঠেছে, শিক্ষার্থীদের ডিগ্রি দিচ্ছে কিন্তু দেশের উন্নয়ন বা শিল্পকারখানায় যে ধরনের মানুষ প্রয়োজন তা পাওয়া যাচ্ছে না। যার কারণে বাজারে চাকরি নাই কিন্তু গ্র্যাডুয়েট আছে অনেক। সর্বশেষ বিষয়টি হলো আমাদের মাইন্ডসেট স্হির করতে হবে এবং সেই অনুযায়ী কাজ করতে হবে।